

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৪

তারিখ:

৯ আগস্ট ২০২০

২৫ শ্রাবণ ১৪২৭

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

মেয়াদী ঋণ/লিজ হিসাবের মেয়াদ বর্ধিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ২৯ ডিসেম্বর ২০১৫ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-১৪ এর ‘গ’ ক্রমিকে বর্ণিত নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। বিদ্যমান কোভিড-১৯ বাস্তবতায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ যাতে গ্রাহকের আর্থিক সঙ্গতি বিশ্লেষণ করে স্বীয় বিবেচনায় পুনর্গঠনের সিদ্ধান্তে উপনীত হতে পারে সে লক্ষ্যে আলোচ্য সার্কুলারের ‘গ’ ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো-

**“ঋণ/লিজ সুবিধার মেয়াদ বৃদ্ধির সময়সীমা অবশিষ্ট মেয়াদের (Remaining Time to Maturity) সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত হতে পারবে”।**

০৩। বর্ণিত সার্কুলারের অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮।